# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**05 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) আসাম বিধানসভা নির্বাচনে বিজেপির অভূতপূর্ব সাফল্যের জন্যে রাজ্যবাসীকে ডঃ হিমন্তবিশ্ব শর্মার ধন্যবাদ জ্ঞাপন/ বিরোধী মিত্রজোটের পরাজয়ের জন্য গৌরব গগৈর নৈতিক দায়িত্ব স্বীকার/

(২) রাজ্যের বিজেপি বিধান পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড্ডাকে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি/

(৩) জুবিন গর্গের মৃত্যুর সঙ্গে জড়িত সন্দেহে অভিযুক্তদের বিরুদ্ধে মামলার ধারা আরোপের উপর অনুষ্ঠিত শুনানি প্রক্রিয়া আদালতে সম্পন্ন/

এবং

(৪) আগামী ২৯শে মে থেকে রাজ্যে কম্পার্টমেন্টাল পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের ঘোষণা/

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা নির্বাচনের গতকাল ঘোষিত ফলাফল অনুযায়ি ভারতীয় জনতা পার্টী নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে । বিজেপি রাজ্যের মোট ১২৬ টি বিধানসভা আসনের মধ্যে ৮২ টি আসনে জয়লাভ করেছে ।
প্রবীন বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বিধানসভা নির্বাচনে দলের অভুতপূর্ব সাফল্যের জন্য রাজ্যবাসীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেছেন ।এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন যে রাজ্যের জনসাধারণের আশীর্বাদে জাতীয় গণতান্ত্রিক মোর্চা ( এন ডি এ )’র ১০২ জন প্রার্থী নির্বাচনে জয়ী হয়ে ইতিহাস রচনা করেছেন ।বিজেপির জনসংযোগ শক্তিশালী থাকার জন্যই এই ঐতিহাসিক জয় সম্ভব হয়েছে বলে ডঃ শর্মা

মন্তব্য করেন ।রাজ্যের জনসাধারণের কাছে দল ঋণি হয়ে থাকবে বলে তিনি উল্লেখ করেন । একটি বিকশিত নতুন আসাম গড়ে তোলার লক্ষ্য পূরণের জন্য কাজ করে যেতে দল সংকল্পবদ্ধ বলে উল্লেখ করে আগামী পাঁচ বছরে পূর্বের মতোই কাজ অব্যাহত থাকবে বলে তিনি জানান ।আগামী পাঁচবছর বহু প্রকল্প উদ্বোধন করা হবে বলেও তিনি জানান ।

# বাইট( সি এম ) #

ফলাফল ঘোষণার পর সাংবাদিকদের সঙ্গে কথা বার্তায় ডঃ শর্মা তাঁর সরকারের পরবর্তী কার্যকালে রাজ্যের সামগ্রিক উন্নয়নের পরিকল্পনার বিষয়েও প্রকাশ করেন ।নতুন মন্ত্রীসভা গঠন এবং বিধায়কদের শপথগ্রহণ অনুষ্ঠানের বিষয়ে দলের জাতীয় সভাপতি নীতিন নবীন সিদ্ধান্ত গ্রহণ করবেন বলেও তিনি জানান ।

এদিকে কংগ্রেস নেতৃত্বাধীন মিত্রজোঁটের পরাজয় সম্পর্কে প্রদেশ কংগ্রেস অধ্যক্ষ তথা সাংসদ গৌরব গগৈ আজ গুয়াহাটীতে এক সাংবাদিক সম্মেলনে পরাজয়ের নৈতিক দায়িত্ব স্বীকার করে রাজ্যবাসীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।ভুল থেকে শিক্ষা গ্রহণ করে দলটির নেতা কর্মীরা তৃণমূল পর্যায়ে গিয়ে কাজ করবে বলেও তিনি জানান । শ্রী গগৈ বলেন -----------

# বাইট #

-----------------------------------------------------------------------------------------

আসামে এন ডি এ’র অভূতপূর্ব বিজয় প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে- এই বিজয়- বিকাশ এবং জনকল্যাণের রাজনীতির প্রতি জনতা জনার্দনের অটুট বিশ্বাসের প্রতীক । জনসাধারণকে ধন্যবাদ জ্ঞাপন করে প্রধানমন্ত্রী আসামের সর্বাঙ্গীন বিকাশের জন্য কেন্দ্রীয় সরকার নিরন্তরভাবে কাজ করে যাবে বলেও সামাজিক মাধ্যমে উল্লেখ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা নির্বাচনে এন ডি এ মিত্রজোঁটের ঐতিহাসিক জয়ের জন্য অসম গণ পরিষদ দলের সভাপতি অতুল বরা রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন ।আজ গুয়াহাটীতে বিজেপির সঙ্গে যৌথভাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে শ্রী বরা বলেন যে এই জয় মিত্রজোঁটকে নতুন সাহস ও শক্তি প্রদান করেছে ।রাজ্যের উন্নয়নের স্বার্থে তাঁর দল বিজেপির সঙ্গে একজোঁট হয়ে কাজ করে যাবে বলে তিনি জানান ।শ্রী বরা বলেন -----

# বাইট #

বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া বিধানসভা নির্বাচনে লাভ করা এই জয়কে ঐতিহাসিওক জয় বলে অভিহীত করেছেন । এন ডি এর এই সাফল্যের জন্য শ্রী শইকিয়া অগপর দুজন প্রবীণ নেতা অতুল বরা ও কেশব মহন্তের বলিষ্ঠ ভূমিকার বিষয়ে উল্লেখ করেন ।শ্রী শইকিয়া বলেন যে এই মিত্রতা রাজ্যের উন্নয়নকে প্রতিফলিত করেছে ।

-------------------------------------------------------------------------------------------

বিজেপির সংসদীয় কমিটি আসামের বিজেপি বিধান পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগত প্রকাশ নাড্ডাকে কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করেছে । হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সৈনীকে কেন্দ্রীয় সহ - পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । কমিটি দলের প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ কে পশ্চিমবঙ্গের বিজেপি বিধান পরিষদীয় দলের নেতা বাছাই করার জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে ।ওড়িশ্যার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে সহ -পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে ।

-------------------------------------------------------------------------------------------

মণিপুরে নিরাপত্তা বাহিনী গত ২৪ ঘন্টায় অভিযান চালিয়ে বৃহৎ পরিমাণ অস্ত্র উদ্ধার করেছে । এবং নিষিদ্ধ সংগঠনের সঙ্গে জড়িত দুজনকে গ্রেপ্তার করেছে । পুলিশ প্রশাসনের পক্ষ থেকে প্রকাশ করা তথ্য অনুসারে থৌবাল জেলার লৈচাংথেং ইকোপ পাত অঞ্চলে তল্লাশি অভিযান চালিয়ে নিরাপত্তা বাহিনী বৃহৎ অস্ত্র ভাণ্ডার উদ্ধার করেছে । উদ্ধার করা সামগ্রীর মধ্যে একটি কার্বাইন, গুলি, চারটি রাইফেল, একটি পিস্তল সহ বেশকিছু অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছে । নিরাপত্তা বাহিনী কে ওয়াই কে এল’এর একজন সদস্যকে গ্রেপ্তার করেছে । তার কাছ থেকে একটি মোবাইল ফোন সহ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে । এর আগে কাচিং জেলার ওয়াইকং থানার অর্ন্তগত সুগনু পথে চালানো অভিযানে কে সি পি’র একজন সক্রিয় সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে । তার কাছ থেকে একটি বাহন এবং একটি মোবাইল বাজেয়াপ্ত করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

শিল্পী জুবিন গর্গের রহস্যজনক মৃত্যু সঙ্গে জড়িত সন্দেহে অভিযুক্ত সকলের বিরুদ্ধে মামলার ধারা আরোপের উপরে চলতি শুনানি প্রক্রিয়া আজ আদালতে সম্পূর্ণ হয়েছে । বিচারপতি শর্মিলা ভূইঞার বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত আগামী ২৬শে মে মামলার ধারা আরোপ সম্পর্কে নির্দেশনা প্রদান করবে । উল্লেখ্য- জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলা সংক্রান্ত বিশেষ তদন্তকারী গোষ্ঠী শ্যামকানু মহন্ত, সিদ্ধার্থ শর্মা,

শেখরজ্যোতি গোস্বামী, সন্দীপন গর্গ, পরেশ বৈশ্য, নন্দেশ্বর বরা এবং অমৃতপ্রভা মহন্তকে গ্রেপ্তার করেছিল । বর্তমানে কারারুদ্ধ এই সাতজন অভিযুক্তের বিরুদ্ধে কী কী ধারায় মামলা চলবে, বা কী কী ধারায় মামলা চালানো যাবেনা, সেই সম্পর্কে ফাস্ট ট্র্যাক আদালত আগামী ২৬ শে মে রায় প্রদান করবে ।

-----------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আজ তাদের কম্পার্টমেন্টাল পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে । পর্ষদের প্রকাশ করা সময়সূচি অনুসারে আগামী ২৯শে মে থেকে কম্পার্টমেন্টাল পরীক্ষা অনুষ্ঠিত হবে । এবং আগামী পাঁচ-ই জুন এই পরীক্ষা শেষ হবে ।

-----------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ৯ই মে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে  জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এছাড়া জাতীয় লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হবে । শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থা , মণিপুরী ভাষা উন্নয়ন সমিতি , নহারোল খরিরোল সাহিত্য সংস্থা , মণিপুরী সাহিত্য পরিষদের লক্ষীপুর শাখা এবং মণিপুরী মহিলা লেখিকা সংস্থার যৌথ উদ্যোগে আগামী শনিবার , পঁচিশে বৈশাখ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হবে । এ উপলক্ষ্যে স্থানীয় খরিরোল কমিউনিটি হলে কবিগুরুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী , আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

কাছাড় ক্যান্সার হাসপাতাল সোসাইটির প্রাক্তন সঞ্চালক তথা বর্ষীয়ান চিকিৎসক ডাক্তার চিন্ময় চৌধুরী নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে গতকাল সন্ধ্যায় শিলচর দেশবন্ধু রোডের নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮৪  । এদিকে কাছাড় ক্যানাসার হাসপাতাল সোসাইটির বর্তমান সম্পাদক মৃদুল মজুমদার তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেন যে ডাক্তার চৌধুরী বর্তমান কাছাড় ক্যান্সার হাসপাতালের

প্রতিষ্ঠাতা সদস্য তথা রূপকার ছিলেন । এদিকে বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকেও তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

পুনে'তে অনুষ্ঠিত ৩২ তম মাস্টার্স টেবিল টেনিস প্রতিযোগিতার পুরুষদের ৪০ থেকে ৪৫ বছরের শাখায় আসামের অনল কাশ্যপ সিঙ্গল্স'এ রৌপ্য পদক অর্জন করেছেন । তিনি ২০২২ এবং ২০২৩ সালে একই শাখায় সোনার পদক অর্জন করেছিলেন । আসাম টেবিল টেনিস সংস্থার সভাপতি পীযূষ হাজারিকা এই সাফল্যের জন্য তাকে অভিনন্দন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------